

অ্যাসেম্বলি লাইনে ত্রি বীজ বপন যন্ত্র প্রস্তুত



এ কে এম সাইফুল ইসলাম

অ্যাসেম্বলি লাইনে ব্রি বীজ বপন যন্ত্র প্রস্তুত



এ কে এম সাইফুল ইসলাম

- **প্রথম প্রকাশ**
জানুয়ারি ২০২৪
- **মুদ্রণ সংখ্যা**
৫০০ কপি
- **প্রকাশনা নম্বর**
৩৯২
- **মুদ্রণে**
তিথী প্রিন্টিং এন্ড প্যাকেজিং
২৮/সি-১, টয়েনবি সার্কুলার রোড
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
মোবাইল : +৮৮ ০১৮১৯-২৬৩৪৮১
- **কভার ডিজাইন**
এ কে এম সাইফুল ইসলাম
- **সম্পাদনা**
মো. রাশেল রানা
- **প্রফ রিডিং**
তাহমিনা সুলতানা
- **যোগাযোগের ঠিকানা**
প্রকল্প পরিচালক
যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প,
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
- **সঠিক উদ্ধৃতি**
এ কে এম সাইফুল ইসলাম ২০২৩: অ্যাসেম্বলি লাইনে ব্রি বীজ বপন যন্ত্র প্রস্তুত। প্রকাশনা
সংখ্যা ৩৯২, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- **অর্থায়নে**
যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প,
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
- **কৃতজ্ঞতা**
বইটি প্রস্তুতে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহায়তা করেছেন তাদের সকলের নিকট
বিশেষভাবে কৃতজ্ঞ।

ভূমিকা

অ্যাসেম্বলি লাইনে কৃষিযন্ত্র প্রস্তুতের ধারণাটি বাংলাদেশে একেবারেই নতুন। আমাদের দেশের কৃষিযন্ত্র প্রস্তুতকারক প্রতিষ্ঠানগুলো প্রচলিত পদ্ধতিতে কৃষিযন্ত্র প্রস্তুত করে। এর ফলে যন্ত্রের গুণগতমান বজায় রাখা সম্ভবপর হয় না। অ্যাসেম্বলি লাইন হলো, উৎপাদন প্রক্রিয়ার মেরুদণ্ড যেখানে প্রস্তুত প্রক্রিয়ার বাধাগুলোকে কমিয়ে কর্মপ্রবাহকে অপ্টিমাইজের মাধ্যমে বিভিন্ন যন্ত্রাংশগুলো একত্রিত করে মূল যন্ত্র প্রস্তুত করা হয়। এ পদ্ধতিতে প্রস্তুত প্রক্রিয়াকে ছোট ছোট কাজের মধ্যে বিভক্ত করে প্রতিটি কাজ দক্ষ কর্মী বা বিশেষ মেশিন দ্বারা সম্পাদিত হয়ে মানসম্মত কৃষিযন্ত্র প্রস্তুতের কাজ সম্পন্ন হয়। অ্যাসেম্বলি লাইনে মেটেরিয়ালের অপচয় কমায় এবং আউটপুট সর্বাধিক করার মাধ্যমে দক্ষ সম্পদের ব্যবহারকে সহজতর করে। ইউনিট প্রতি উৎপাদন খরচ কমায় এবং কৃষকদের জন্য কৃষিযন্ত্রকে আরও সশ্রয়ী করে তোলে। এই পদ্ধতিতে শ্রম বিভাজন, বিশেষ সরঞ্জাম এবং যন্ত্রপাতি ব্যবহার উৎপাদনশীলতাকে বৃদ্ধি করে। শ্রমিকরা তাদের নির্দিষ্ট কাজে দক্ষ হয়ে ওঠে, যার ফলে উৎপাদন হার বৃদ্ধি পায়। এই বর্ধিত উৎপাদনশীলতা কৃষকদের নিকট সময়মতো কৃষিযন্ত্র সরবরাহ করারকে সহজ করে। শক্তিশালী মাননিয়ন্ত্রণ ব্যবস্থার কারণে কোনো যন্ত্রাংশ মেরামত বা প্রতিস্থাপনের সম্ভাবনা কমে যায়। এ বইয়ে অ্যাসেম্বলি লাইনের মাধ্যমে ব্রি বীজ বপন যন্ত্রের প্রস্তুত প্রক্রিয়া বর্ণনা করা হয়েছে। আশাকরি বইটি থেকে কৃষিযন্ত্র প্রস্তুতকারকদের গুণগতমান সম্পন্ন ব্রি বীজ বপন যন্ত্রসহ অন্যান্য কৃষিযন্ত্র প্রস্তুতের ধারণা পাওয়া যাবে। বইটি শুধু কৃষিযন্ত্র প্রস্তুতকারকদের জন্য নয় বরং এটি গবেষক, নীতি নির্ধারক এবং শিক্ষাবিদদেরও কাজে আসবে। আমাদের লক্ষ্য জ্ঞান-আদান-প্রদান এবং সহযোগিতা বৃদ্ধি করা। সেই সংঙ্গে আমরা চাই পাঠকদের নতুন ধারণা অন্বেষণ করতে এবং সামগ্রিকভাবে কৃষিযন্ত্র প্রস্তুতের বিবর্তনে অবদান রাখতে। বইটি প্রস্তুতে সহযোগিতার জন্য ফার্ম মেশিনারি অ্যান্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ এবং 'যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ' প্রকল্পের সকল বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাই। অ্যাসেম্বলি লাইনে দক্ষ এবং নির্ভরযোগ্য বীজ বপন যন্ত্র প্রস্তুতের মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণে আরও এক ধাপ এগিয়ে যাবে এবং গুণগতমান সম্পন্ন কৃষিযন্ত্র প্রস্তুতে অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করবে।



মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

মুখবন্ধ

কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধিতে লাগসই যন্ত্রপাতির উন্নয়ন মুখ্য ভূমিকা পালন করেছে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ধানের চারা রোপণ যন্ত্রের উপযোগী ট্রেতে ধানের বীজ বপনের প্রক্রিয়াটিকে সহজ করার জন্য ব্রি বীজ বপন যন্ত্রটি উন্নয়ন করেছে। বীজ বপন যন্ত্র বীজ হারকে নিয়ন্ত্রণ করে এবং সমভাবে বীজ বন্টন নিশ্চিত করে, যার ফলে ফসলের ফলন বৃদ্ধি পায়। কোনো যন্ত্র থেকে কাজক্ষিত ফল পেতে হলে যন্ত্রটি গুণগতমান সম্পন্ন এবং টেকসই হতে হবে। গুণগতমান সম্পন্ন যন্ত্র পাওয়ার জন্য অ্যাসেম্বলি লাইনের মাধ্যমে ব্রি বীজ বপন যন্ত্রটি প্রস্তুত করা আবশ্যিক। অ্যাসেম্বলি লাইনে প্রতিটি যন্ত্রাংশের সংযোজন পুঙ্খানুপুঙ্খরূপে পরিদর্শন ও পরীক্ষা করা হয় এবং দক্ষ উৎপাদন প্রক্রিয়া মানসম্মত কৃষিযন্ত্র প্রস্তুত নিশ্চিত করে। প্রতিটি পর্যায়ে কঠোর মান নিয়ন্ত্রণ ব্যবস্থা থাকায় দ্রুতের আশঙ্কা হ্রাস পায়। অ্যাসেম্বলি লাইনের প্রথম ধাপ হলো বীজ বপন যন্ত্রের অংশগুলো পৃথকভাবে তৈরি করা। এর মধ্যে রয়েছে মিটারিং ডিভাইস, চাকা, ব্রাশ, লক ক্লাম্প এবং অন্যান্য গুরুত্বপূর্ণ অংশগুলো তৈরি বা আউটসোর্সিং এর মাধ্যমে সংগ্রহ। উপাদানগুলোর গুণগতমান পরীক্ষা করে অ্যাসেম্বলি লাইনে স্থানান্তর করা হয়। এ পদ্ধতির সুবিধাগুলোকে কাজে লাগিয়ে দ্রুততম সময়ে, কম উৎপাদন খরচে গুণগতমান সম্পন্ন ব্রি বীজ বপন যন্ত্র প্রস্তুত করে কৃষকের নিকট সরবরাহ করা যায়। অ্যাসেম্বলি লাইনে কৃষিযন্ত্র প্রস্তুতের গুরুত্ব অনুধাবন করে ফার্ম মেশিনারি অ্যান্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগের চিফ সাইন্টিফিক অফিসার ড. এ কে এম সাইফুল ইসলাম “ অ্যাসেম্বলি লাইনে ব্রি বীজ বপন যন্ত্র প্রস্তুত” শীর্ষক বইটি লিখেছেন। আশা করি বইটি স্থানীয় প্রস্তুতকারকদের গুণগতমান সম্পন্ন কৃষিযন্ত্র প্রস্তুতে অবদান রাখতে সক্ষম করে তুলবে। আমি ড. এ কে এম সাইফুল ইসলামের এ কর্মপ্রয়াসকে সাধুবাদ জানাই।

(ড. মো. শাহজাহান কবীর)



প্রকল্প পরিচালক, এসএফএমআরএ প্রকল্প
এবং চিফ সাইন্টিফিক অফিসার
খামার যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগ
ব্রি, গাজীপুর

লেখক পরিচিতি

ড. এ কে এম সাইফুল ইসলাম বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ এর “কৃষি শক্তি ও যন্ত্র বিভাগ” থেকে ১৯৯০ সালে বিএসসি এজি ইঞ্জিনিয়ারিং (সম্মান) এ প্রথম শ্রেণিতে প্রথম স্থান অর্জন করেন। তিনি একই বিশ্ববিদ্যালয়ের একই বিভাগ থেকে ১৯৯৬ সালে এমএস ইন এজি ইঞ্জিনিয়ারিং এবং ২০১২ সালে কনজারভেশন টিলেজ বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ১৯৯৭ সালে ইংল্যান্ডের সিলসো কলেজ থেকে এগ্রিকালচারাল মেকানাইজেশন ও মেশিনারি ইঞ্জিনিয়ারিং বিষয়ে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা কোর্স সম্পন্ন করেন। ড. ইসলাম ২০ এপ্রিল ১৯৯৮ সালে ব্রি খামার যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগে বৈজ্ঞানিক কর্মকর্তা পদে যোগদান করেন। তিনি মাঠ পর্যায়ে বিভিন্ন জেলার কৃষকদেরকে কৃষিযন্ত্র চালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত বিষয়ে প্রশিক্ষণ দেন। তিনি প্রশিক্ষণ বিভাগ, ব্রি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ইরি, সিমিট, এসিআইএআর, কৃষিযন্ত্র প্রস্তুতকারক, সরবরাহকারী ও সেবা প্রদানকারী প্রতিষ্ঠান, বিভিন্ন এনজিও এবং প্রাইভেট কোম্পানি আয়োজিত উপজেলা কৃষি কর্মকর্তা, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, কৃষক ও কৃষিযন্ত্র চালকদের জন্য কৃষিযন্ত্র চালনা, রক্ষণাবেক্ষণ ও মেরামত শীর্ষক প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে কাজ করেছেন। ড. ইসলাম কনজারভেশন এগ্রিকালচার ইন রাইস ফার্মিং সিস্টেম, রাইস মেকানাইজেশন ইন বাংলাদেশ, ডিজেল ইঞ্জিন মেরামত ও রক্ষণাবেক্ষণ, পাওয়ার টিলার চালনা মেরামত ও রক্ষণাবেক্ষণ, রাইস ট্রান্সপ্লান্টার মেরামত ও রক্ষণাবেক্ষণ, কৃষি যন্ত্রে ব্যবহৃত হ্যান্ড টুলস, মেশিন টুলস পরিচিতি, ওয়ার্কশপ মেশিন চালনা, ওয়ার্কশপে কর্মরত জনবলের কারিগরি দক্ষতা উন্নয়ন, ব্রি হোল ফিড কম্বাইন হারভেস্টার চালনা মেরামত ও রক্ষণাবেক্ষণ, ব্রি হোল ফিড কম্বাইন হারভেস্টারের যন্ত্রাংশ, ব্রি বীজ বপন যন্ত্রের ড্রয়িং এবং ব্রি স্ট্র রোপ মেকারের ড্রয়িং বিষয়ক বই লিখেছেন। ড. ইসলাম ব্রি উইডার, ব্রি ধান-গম কাটা যন্ত্র, ইঞ্জিন চালিত ধান মাড়াই যন্ত্র, ব্রি ওপেন ড্রাম থ্রেসার, ব্রি ধান-গম মাড়াই যন্ত্র, ব্রি শস্য ঝাড়াই যন্ত্র, রাইস মিল চালনা রক্ষণাবেক্ষণ ও মেরামত, মেশিনে রোপণ উপযোগী চারা তৈরির কৌশল এর প্রশিক্ষণ নির্দেশিকা প্রস্তুত করেছেন। তিনি মেশিনে রোপণ উপযোগী চারা তৈরির কৌশল, বীজ বপন যন্ত্র, অটো সীড সোয়ার মেশিন, রাইস ট্রান্সপ্লান্টার, সেমি অটোমেটিক রাইস ট্রান্সপ্লান্টার, সোলার লাইট ট্র্যাপ, দানাদার ইউরিয়া সার প্রয়োগ যন্ত্র, ব্রি পাওয়ার উইডার, ধান-গম কাটা যন্ত্র, ধান-গম মাড়াই যন্ত্র, প্যানিকেল থ্রেসার, হোল ফিড কম্বাইন হারভেস্টার, হেড ফিড কম্বাইন হারভেস্টার, শস্য ঝাড়াই যন্ত্র, স্ট্র রোপ মেকার, এয়ার ব্লো রাইস মিল, কমপ্যাক্ট রাবার রোল রাইস মিল, সরু ও লম্বা ধান প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তি উদ্ভাবন ও উন্নয়নের সাথে সম্পৃক্ত। বর্তমানে তিনি এ বিভাগে চিফ সাইন্টিফিক অফিসার পদে কর্মরত।

প্রকল্প পরিচিতি

“যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ” প্রকল্পটি ৪৪০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৯ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয় এবং গত ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখে প্রশাসনিক আদেশ জারি হয়। প্রকল্পটি কৃষি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি অ্যান্ড পোস্ট হারভেস্ট টেকনোলজি বিভাগ দেশের সাতটি বিভাগের ১২টি জেলার ১২টি উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের অন্যতম প্রধান উদ্দেশ্য হলো টেকসই ধান চাষাবাদের লক্ষ্যে লাগসই কৃষি যন্ত্রপাতি উন্নয়ন ও আধুনিকায়নের জন্য খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম জোরদারকরণ। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলো (ক) কৃষকের আর্থ-সামাজিক অবস্থার সাথে সঙ্গতিপূর্ণ লাগসই নয়টি কৃষি যন্ত্রপাতি এবং প্রযুক্তি ধানের চারা রোপণ যন্ত্র, মিনি কম্বাইন হারভেস্টার, শক্তি চালিত নিড়ানি যন্ত্র, রিপার বাইন্ডার, কমপ্যাক্ট রাবার রোল রাইস মিল, ধানের চারা রোপণ যন্ত্র-কাম-সার প্রয়োগ যন্ত্র, স্ট্র রোপ তৈরি যন্ত্র, বীজ বপন যন্ত্র, ফলনোত্তর ব্যবস্থাপনা এবং নবায়নযোগ্য শক্তি (সোলার ও ব্রিকেট মেশিন) উদ্ভাবন/উন্নয়ন করা; (খ) বি উদ্ভাবিত কৃষি যন্ত্রের ৩২৪টি প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে যন্ত্রের ত্রুটি-বিচ্যুতি সম্পর্কে মতামত সংগ্রহ করে যন্ত্রের অধিকতর উন্নয়ন করা; (গ) বি উদ্ভাবিত ও আধুনিক কৃষি যন্ত্রপাতি সম্পর্কে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৬৪৮০ জন যন্ত্র চালক, অগ্রসর কৃষক, মেকানিক ও সেবা প্রদানকারী উদ্যোক্তা এবং ২০০ জন স্থানীয় কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক ও সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীকে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা; (ঘ) আধুনিক কৃষি যন্ত্রপাতি গবেষণার জন্য ২০ জন বিজ্ঞানী এবং ২০ জন ওয়ার্কশপ কর্মীকে উচ্চ শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা; এবং (ঙ) বিদ্যমান কৃষি যন্ত্রপাতি গবেষণা ল্যাব-কাম-ওয়ার্কশপের আধুনিকায়ন। প্রকল্পের কার্যাবলি হলো ক) টেকসই ধান উৎপাদনের জন্য লাগসই নয়টি কৃষি যন্ত্রপাতি ও শস্য কর্তনোত্তর প্রযুক্তি (ধানের চারা রোপণ যন্ত্র, মিনি কম্বাইন হারভেস্টার, শক্তি চালিত নিড়ানি যন্ত্র, রিপার বাইন্ডার, কমপ্যাক্ট রাবার রোল রাইস মিল, ধানের চারা রোপণ যন্ত্র-কাম-সার প্রয়োগ যন্ত্র, স্ট্র রোপ তৈরি যন্ত্র, বীজ বপন যন্ত্র, ফলনোত্তর ব্যবস্থাপনা এবং নবায়নযোগ্য শক্তি (সোলার ও ব্রিকেট মেশিন) উদ্ভাবন/উন্নয়ন করা; খ) বিদেশ থেকে উন্নত প্রোটোটাইপ সংগ্রহ করে রিভার্স ইঞ্জিনিয়ারিং এবং ফলিত গবেষণা এর মাধ্যমে দেশীয় উপযোগী করে যন্ত্র প্রস্তুত করা; গ) প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে প্রাপ্ত মতামত অনুযায়ী যন্ত্রের উন্নয়ন সাধন করা; ঘ) যান্ত্রিক পদ্ধতিতে ধানের চারা রোপণের জন্য চারা উৎপাদন কৌশল, রাইস ট্রান্সপ্লান্টার চালনা, মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে ৩২৪টি দুর্দিনের আবাসিক হাতে-কলমে প্রশিক্ষণ আয়োজন করা; ঙ) বি উদ্ভাবিত এবং আধুনিক যন্ত্রের ৩২৪টি প্রায়োগিক মাঠ পরীক্ষণের মাধ্যমে ৬৪৮০জন কৃষক, যন্ত্র চালক, মেকানিক, কৃষক দল/কৃষক সমিতি, সেবা প্রদানকারী উদ্যোক্তাদের কৃষি যন্ত্রপাতি ব্যবহারের উপযোগিতা, চালনা কৌশল, মেরামত ও রক্ষণাবেক্ষণ সম্পর্কে সচেতন করা; চ) প্রশিক্ষণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা এবং প্রশিক্ষার্থী নির্বাচনে দ্বৈততা পরিহার করার লক্ষ্যে প্রশিক্ষণ সূচি ও প্রশিক্ষার্থীদের নাম ত্রির ওয়েব সাইটে ডাটাবেজ আকারে সংরক্ষণ করা; ছ) তিন মাসের বৈদেশিক প্রশিক্ষণের মাধ্যমে ১০ জন দক্ষ বৈজ্ঞানিক জনশক্তি গড়ে তোলা; জ) কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী দেশে ১০ জন বিজ্ঞানীর স্বল্পকালীন (৭-১০ দিনের) প্রশিক্ষণ আয়োজন করা; ঝ) কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারক/সম্প্রসারণ কর্মকর্তা/কর্মীকে আধুনিক যন্ত্রপাতি প্রযুক্তি হস্তান্তর বিষয়ে তিন দিন ব্যাপী ১০টি প্রশিক্ষণ আয়োজন করা; ঞ) যন্ত্রপাতির গুণগত মান নিয়ন্ত্রণের জন্য মেশিন টেস্টিং ল্যাব (৩৭৫ বর্গ মিটার) নির্মাণ এবং ২৩টি গবেষণা ওয়ার্কশপ ও ১০৪টি ল্যাবরেটরি আধুনিক যন্ত্রপাতি সংগ্রহের মাধ্যমে মান সম্পন্ন গবেষণার দক্ষতা বৃদ্ধি করা; ট) প্রকল্প এলাকায় সীমিত আকারে দীর্ঘ সময় খামার যন্ত্রপাতির ব্যবহার এবং ভাড়া যন্ত্রপাতি ব্যবহারে সেবা প্রদানকারী উদ্যোক্তার মাধ্যমে কৃষিতে বাণিজ্যিক দৃষ্টিভঙ্গি গড়ে তোলা; ঠ) গবেষক, সম্প্রসারণ কর্মী, প্রস্তুতকারক এবং কৃষকদের মধ্যে সেতু বন্ধন গড়ে তোলা; ড) প্রধান কার্যালয়ের গবেষণার জন্য ২,৫০০ ঘন মিটার গবেষণা মাঠ/পুট উন্নয়ন করা; ঢ) প্রধান কার্যালয়ে ফার্ম মেশিনারি ল্যাব কাম অফিস ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ (৪৫০ বর্গ মিটার) করা; গ) ব্রি আঞ্চলিক কার্যালয়ে দর্শনার্থীদের প্রদর্শন ও সংরক্ষণের জন্য মেশিন প্রদর্শনী কাম ওয়ার হাউজ (৫টি আঞ্চলিক কার্যালয়ে ১৫০ বর্গ মিটার করে ৭৫০ বর্গ মিটার) নির্মাণ করা; ত) যন্ত্রের প্রোটোটাইপ তৈরি, মেরামত ও রক্ষণাবেক্ষণ বিষয়ে ২০ জন ওয়ার্কশপ কর্মীকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা; থ) মাঠ পর্যায়ে টেকসই কৃষি যন্ত্রপাতি ব্যবহার নিশ্চিত করণের নিমিত্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে সেবা প্রদানকারী উদ্যোক্তা এবং যন্ত্রপাতি প্রস্তুতকারক প্রতিষ্ঠান/কারখানাকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা। প্রকল্প বাস্তবায়নে প্রকল্প পরিচালককে সহায়তার জন্য আউট সোর্সিং মাধ্যমে ১১ জন (এক জন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, দু' জন বেষ্ট মেকানিক, দু' জন লেদ-অপারেটর, দু' জন টিন স্মিথ, দু' জন হ্যামার ক্যান ও দু' জন গাড়ি চালক) জনবল নিয়োগ দেয়া হয়েছে। এফএমপিএইচটি বিভাগের বিজ্ঞানীগণ, গবেষণা সহকারী, অর্থ এবং হিসাব বিভাগের হিসাব রক্ষক এবং পরিকল্পনা ও মূল্যায়ন বিভাগের কর্মকর্তাগণ নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে প্রকল্পের কাজ করছেন।

সূচিপত্র

অধ্যায়	বিবরণ	পৃষ্ঠা নং
১	অ্যাসেম্বলি প্ল্যান (Assembly plan)	১
২	প্ল্যান্ট লেআউট (Plant layout)	৭
৩	হ্যান্ডটুলস এন্ড ওয়ার্কশপ মেশিনারি (Handtools and workshop machinery)	১১
৪	খুচরো যন্ত্রাংশ তালিকা (List of spareparts)	২১
৫	মালামাল সংগ্রহ সেকশন (Procurement section)	২৫
৬	ড্রয়িং সেকশন (Drawing section)	৩৩
৭	কাটিং সেকশন (Cutting section)	৪১
৮	গ্রাইন্ডিং সেকশন (Grinding section)	৪৯
৯	ডাইস এবং জিগ্‌স সেকশন (Dies and jigs section)	৫৭
১০	মেশিনিং সেকশন (Machining section)	৭৩
১১	বেন্ডিং সেকশন (Bending section)	৭৯
১২	প্রেস সেকশন (Press section)	৮৩
১৩	ওয়োল্ডিং সেকশন (Welding section)	৮৯
১৪	ড্রিলিং সেকশন (Drilling section)	৯৫
১৫	ট্যাপিং সেকশন (Tapping section)	১০১
১৬	পেইন্টিং সেকশন (Painting section)	১০৫
১৭	সাব-অ্যাসেম্বলি সেকশন (Sub-assembly section)	১১১
১৮	অ্যাসেম্বলি সেকশন (Assembly section)	১১৫
১৯	কোয়ালিটি ইন্সপেকশন সেকশন (Quality inspection section)	১২১
২০	প্যাকেজিং/শিপমেন্ট সেকশন (Packaging and shipment section)	১৭৯
২১	নিরাপত্তা ব্যবস্থা (Safety precaution)	১৮৩
২২	ঝুঁকি ব্যবস্থাপনা (Risk management)	১৮৯



অধ্যায় ০১
অ্যাসেম্বলি প্ল্যান
(Assembly Plan)



অ্যাসেম্বলি লাইনে কোনো যন্ত্র তৈরির জন্য সুষ্ঠু পরিকল্পনা প্রয়োজন। দ্রুততম সময়ে, কম খরচে, গুণগতমান বজায় রেখে, সুন্দর কর্মপরিবেশে নিরাপত্তা নিশ্চিত করে বীজ বপন যন্ত্র প্রস্তুতের জন্য লেআউট প্ল্যান করতে হবে। উৎপাদনের পরিমাণ এবং জায়গার উপর নির্ভর করে সরল রৈখিক বা U আকৃতির কনফিগারেশন হতে পারে। লেআউটটি এক ওয়ার্কস্টেশন থেকে অন্য ওয়ার্কস্টেশনে উপকরণ এবং উপাদানগুলোর মসৃণ প্রবাহসহ কাজের দক্ষ ব্যবস্থাপনাকে নির্দেশ করে। নিম্নে অ্যাসেম্বলি লাইন স্থাপনের কিছু পদক্ষেপ বর্ণনা করা হয়েছে।

প্রশাসনিক এলাকা (Administrative area): ব্রি বীজ বপন যন্ত্রের বাৎসরিক চাহিদার তথ্য সংরক্ষণ, সে অনুযায়ী কাঁচামাল সংগ্রহ, অর্ডার সংগ্রহ, স্পেসিফিকেশন অনুযায়ী কাঁচামালসহ অন্যান্য উপাদান সরবরাহ, জনবলের বেতন ও সুযোগ সুবিধা নির্ধারণ ইত্যাদি কাজের জন্য প্রশাসনিক এলাকা থাকতে হবে।

চাহিদা মূল্যায়ন (Demand analysis): বাজার জরিপ করে কৃষিক্ষেত্রের বাৎসরিক চাহিদা নিরূপণ করতে হবে। চাহিদা এবং কাঁচামাল প্রাপ্যতার উপর নির্ভর করে অ্যাসেম্বলি লাইন ডিজাইন করতে হবে।

উৎপাদন পদ্ধতি বিশ্লেষণ (Analysis of production system): কাঁচামাল প্রাপ্তি থেকে বীজবপন যন্ত্র প্রস্তুত হয়ে গুণগতমান নিয়ন্ত্রণ পর্যন্ত পদক্ষেপগুলোর বিশ্লেষণ করতে হবে। অ্যাসেম্বলি লাইনের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন কাজ, প্রক্রিয়া, কম্পোনেন্ট এবং তাদের ক্রম চিহ্নিত করতে হবে।

রিসিভিং এলাকা (Receiving area): কাঁচামালগুলো একটি নির্দিষ্ট স্থানে গ্রহণ করতে হবে। রিসিভিং এলাকায় ট্রাক ও অন্যান্য যানবাহন থেকে কাঁচামাল আনলোডিং এর জন্য পর্যাপ্ত জায়গা থাকতে হবে। এটি সাধারণত প্ল্যান্টের প্রবেশ দ্বারের কাছে হওয়া উচিত।

স্টোর রুম (Store room): অ্যাসেম্বলি লাইনে সরবরাহের পূর্বে কাঁচামালগুলো একটি নির্দিষ্ট জায়গায় স্টোর করতে হবে এবং স্টোরের জন্য পর্যাপ্ত জায়গা থাকতে হবে। এ স্থানটি রিসিভিং এলাকার কাছাকাছি থাকা দরকার।

মেটেরিয়াল সরবরাহ নির্ধারণ (Material flow): অ্যাসেম্বলি লাইনে দক্ষভাবে মেটেরিয়াল বা উৎপাদন প্রবাহের জন্য পরিকল্পনা করতে হবে। মেটেরিয়াল হ্যান্ডলিং এর জন্য বাহন নির্ধারণ, অপ্রয়োজনীয় চলাচল কমানো এবং মেটেরিয়াল সরবরাহের ধারাবাহিকতা রক্ষার জন্য বাধামুক্ত চলাচল নিশ্চিত করতে হবে। কাঁচামাল থেকে বিভিন্ন কম্পোনেন্ট প্রস্তুতের সময় অপ্রয়োজনীয় মুভমেন্ট কমানো এবং দক্ষতা বাড়ানোর জন্য উপকরণ এবং উপাদানগুলোর প্রবাহকে সমন্বয় করতে হবে।

প্রোডাকশন লেআউট (Production layout): কৃষিক্ষেত্র প্রস্তুত সুবিধার বিন্যাস, উপাদানসমূহের জন্য স্টোরেজ এলাকার অবস্থান এবং ওয়ার্কস্টেশনগুলোর অবস্থান বিবেচনা করে প্রোডাকশন লেআউট করতে হবে।

ওয়ার্কশপ মেশিনারি এবং টুল্‌স নির্বাচন (Workshop machinery and handtools): মেটেরিয়াল কাটা, বেডিং, ওয়েল্ডিং, ড্রিলিং এবং গ্রাইন্ডিং ইত্যাদি কাজ স্বয়ংক্রিয় বা ম্যানুয়াল হবে কিনা সে অনুযায়ী ওয়ার্কশপ মেশিনারি এবং টুল্‌স নির্বাচন করতে হবে। মেশিনের বাৎসরিক প্রস্তুতের পরিমাণ, খরচ এবং গুণগতমান নিয়ন্ত্রণের ওপর নির্ভর করেও ওয়ার্কশপ মেশিনারি এবং টুল্‌স নির্বাচন করা হয়।

ওয়ার্কস্টেশন নির্বাচন (Work station): কর্মীদের হাতের নাগালে প্রয়োজনীয় সরঞ্জাম এবং উপকরণ দিয়ে সজ্জিত থাকতে হবে। কর্মস্থল অ্যাগোনমিক্যালি (Ergonomically) ডিজাইন করতে হবে যেনো কর্মীরা স্বাস্থ্য ঝুঁকিমুক্ত অবস্থায় স্বাচ্ছন্দ্যে কাজ করতে পারে।

ওয়ার্কফ্লো বিশ্লেষণ (Workflow analysis): অ্যাসেম্বলি লাইনে কম্পোনেন্ট সংযোজনের মাধ্যমে বীজ বপন যন্ত্র প্রস্তুত প্রক্রিয়ার বিভিন্ন ধাপ চিহ্নিত করতে হবে যেমন হপার প্রস্তুত, হপারে বিভিন্ন যন্ত্রাংশ সংযোজন, রং করা, গুণগতমান পরীক্ষা ইত্যাদি ধাপগুলো পর্যায়ক্রমে নির্ধারণ করতে হবে।

মেটেরিয়াল হ্যান্ডেলিং সিস্টেম (Material handling system): ওয়ার্কস্টেশনগুলোর মধ্যে বিভিন্ন উপকরণ এবং খুচরো যন্ত্রাংশ পরিবহনের একটি সিস্টেম তৈরি করতে হবে। উপকরণ সরবরাহের জন্য কনভেয়ার বেল্ট, কার্ট বা অন্যান্য হ্যান্ডেলিং সরঞ্জাম থাকতে হবে।

ওয়ার্কপ্লেস নির্ধারণ (Determination of workplace): অ্যাসেম্বলি লাইনের প্রতিটি ধাপ সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় জায়গা নির্ধারণ করতে হবে।

লেআউটের কার্যকারিতা পরীক্ষা (Testing efficiency of the layout): অ্যাসেম্বলি লাইন তৈরি হওয়ার পর সেটি লক্ষ্য অনুযায়ী কাজ করছে কিনা তা পরীক্ষার মাধ্যমে নিশ্চিত করতে হবে। প্রয়োজনে সংশোধন করতে হবে।

দক্ষতা বৃদ্ধি করা (Increase the efficiency): সর্বাধিক দক্ষতার জন্য অ্যাসেম্বলি লাইনের বিন্যাসটি অপ্টিমাইজ করতে হবে। উৎপাদনশীলতা উন্নত করতে এবং প্রস্তুত খরচ কমাতে হাঁটার দূরত্ব হ্রাস করতে হবে। বিভিন্ন সেকশনে অপেক্ষার সময় হ্রাস এবং অপারেশনগুলোর সামগ্রিক প্রবাহকে স্ট্রিমলাইন করার মতো বিষয়গুলো বিবেচনা করতে হবে।

গুণগতমান নিয়ন্ত্রণ (Quality control): প্রস্তুত প্রক্রিয়ার সকল পর্যায়ে গুণগতমান নিয়ন্ত্রণ করতে হবে। স্পেশিফিকেশন অনুযায়ী প্রত্যেকটি মেশিনের প্রস্তুত নিশ্চিত করতে হবে। গুণগতমান পরীক্ষা বিভিন্নভাবে হতে পারে যেমন চাক্ষুষ পরিদর্শন, কার্যকারিতা পরীক্ষা এবং এলাইনমেন্ট পরীক্ষা ইত্যাদি।

প্যাকেজিং এবং শিপিং এলাকা (Packaging and shipping area): মেশিনগুলো প্যাকেজিং এবং শিপিং এর জন্য নির্দিষ্ট জায়গা থাকতে হবে। গুণগতমান নিশ্চিত করার জন্য স্থানটি পরীক্ষার স্থানের কাছাকাছি হবে। ট্রাক বা অন্য কোনো পরিবহনে শিপিং এর জন্য পর্যাপ্ত জায়গা থাকতে হবে।

কর্মী প্রশিক্ষণ (Worker training): অ্যাসেম্বলি লাইনের প্রত্যেকটি কাজ দক্ষতার সঙ্গে করার জন্য কর্মীদের তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণ দিতে হবে। একজন সুপারভাইজার সার্বক্ষণিকভাবে প্রত্যেকটি কাজ তদারকি করবেন। কোনো সমস্যা হলে তাৎক্ষণিকভাবে সমাধানের ব্যবস্থা নিতে হবে।

নিরাপত্তা ও সুরক্ষা সামগ্রী (Safety and Protective instrument): মেশিন চালনা, উপকরণের চলাচল এবং কর্মীদের নিরাপত্তা সম্পর্কিত বিধানগুলো মেনে চলা নিশ্চিত করতে হবে। কর্মীদের জন্য একটি পরিচ্ছন্ন ও নিরাপদ কাজের পরিবেশ তৈরি করতে হবে। সকলকেই সুরক্ষা সামগ্রী ব্যবহার করে কাজ করতে হবে।

নথি এবং যোগাযোগ ব্যবস্থাপনা (File and communication management): স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি (এসওপি) এবং কাজের নির্দেশাবলীসহ অ্যাসেম্বলি লাইন বিন্যাস নথিভুক্ত করতে হবে। অ্যাসেম্বলি লাইনের অপারেশন ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করতে অপারেটর এবং কর্মীদের সঙ্গে ভালোভাবে যোগাযোগ রক্ষা করতে হবে।

অ্যাসেম্বলি প্ল্যান ১

টেবিল ১	টেবিল ২	টেবিল ৩
প্রথম জিগসে মিগ মেশিন দ্বারা ঝালাই করে হপার ফিটিং। (হপার ফ্রন্ট কভার, হপার ব্যাক কভার, রাইট সাইড কভার, লেফট সাইড কভার, সীড লক ক্লাম্প, হপার ডিভাইডার, ড্রাইভিং হ্যান্ডেল ক্লাম্প)	দ্বিতীয় জিগসে হপার উল্টো করে মিগ মেশিন দ্বারা ঝালাই। (ব্রাশ ফিটিং ক্লাম্প ১, ব্রাশ ফিটিং ক্লাম্প ২)	হপার মিগ মেশিন দ্বারা ফাইনাল ঝালাই করা। (সাপোর্টিং ক্লাম্প)

পুটিং দেয়া
পুটিং ঘষা
রং করা

টেবিল ৬	টেবিল ৫	টেবিল ৪
মিটারিং ডিভাইস শ্যাফটে ড্রাইভ হুইল ও সাপোর্ট হুইল শ্যাফট দ্বারা সাপোর্ট হুইল এবং ক্যারিং হ্যান্ডেল অ্যাসেম্বল করা। (ড্রাইভ হুইল, এলএনকি কট, সাপোর্ট হুইল শ্যাফট, সাপোর্ট হুইল, চিরাপিন, হপার ক্যারিং হ্যান্ডেল)	হপারে প্রিসিশন ক্লাম্প দ্বারা ব্রাশ, প্রিসিশন মিটার শ্যাফট এবং সীড লক প্লেট দ্বারা লক ক্লাম্প অ্যাসেম্বল করা। (ব্রাশ, প্রিসিশন ক্লাম্প, প্রিসিশন মিটার শ্যাফট, লক ক্লাম্প, সীড লক প্লেট, বোল্ট, স্ক্রু, চিরাপিন)	হপারে বিয়ারিং কভার দ্বারা মিটারিং ডিভাইস অ্যাসেম্বলি করা। (মিটারিং ডিভাইস, বিয়ারিং কভার, স্ক্রু, নাট এবং ওয়াসার)

প্রথম ধাপের পরীক্ষা
চূড়ান্ত পরীক্ষা
প্যাকিং

অ্যাসেম্বলি প্ল্যান ২

বাহির

প্যাকিং	বপন যন্ত্র
পরীক্ষা	ফাইনাল
পরীক্ষা	প্রথম ধাপ

প্রবেশ

টেবিল ১	প্রথম জিগসে মিগ মেশিন দ্বারা বালাই করে হপার ফিটিং। (হপার ফ্রন্ট কভার, হপার ব্যাক কভার, রাইট সাইড কভার, লেফট সাইড কভার, সীড লক ক্রাম্প, হপার ডিভাইডার, ড্রাইভিং হ্যান্ডেল ক্রাম্প)	টেবিল ৬
টেবিল ২	দ্বিতীয় জিগসে হপার উল্টো করে মিগ মেশিন দ্বারা বালাই। (ব্রাশ ফিটিং ক্রাম্প ১, ব্রাশ ফিটিং ক্রাম্প ২)	টেবিল ৫
টেবিল ৩	হপার মিগ মেশিন দ্বারা ফাইনাল বালাই করা। (সাপোর্টিং ক্রাম্প)	টেবিল ৪
		হপারে মিটারিং ডিভাইস শ্যাফটে ড্রাইভ হুইল ও সাপোর্ট হুইল শ্যাফট দ্বারা সাপোর্ট হুইল এবং ক্যারিং হ্যান্ডেল অ্যাসেম্বলি করা। (ড্রাইভ হুইল, এলএনকি কট, সাপোর্ট হুইল শ্যাফট, সাপোর্ট হুইল, চিরাপিন, হপার ক্যারিং হ্যান্ডেল)
		হপারে প্রিসিশন ক্রাম্প দ্বারা ব্রাশ, প্রিসিশন মিটার শ্যাফট এবং সীড লক পেট দ্বারা লক ক্রাম্প অ্যাসেম্বলি করা। (ব্রাশ, প্রিসিশন ক্রাম্প, প্রিসিশন মিটার শ্যাফট, লক ক্রাম্প, সীড লক পেট, বোল্ট, স্ক্রু, চিরাপিন)
		হপারে বিয়ারিং কভার দ্বারা মিটারিং ডিভাইস অ্যাসেম্বলি করা। (মিটারিং ডিভাইস, বিয়ারিং কভার, স্ক্রু, নাট এবং ওয়াসার)


পেইন্টিং

১ম ধাপ	পুটিং দেয়া
২য় ধাপ	পুটিং ঘষা
ফাইনাল	বঁধ করা

অধ্যায় ০২
প্ল্যান্ট লেআউট
(Plant Layout)

প্ল্যান্ট লেআউট হলো ব্রি বীজ বপন যন্ত্র তৈরিতে সবধরনের সুবিধার সর্বাধিক ব্যবহারের জন্য একটি সুষ্ঠু এবং কার্যকর পরিকল্পনা যেমন প্রশাসনিক কর্মকাণ্ড চালানোর জায়গা, ফ্লোর স্পেসের মধ্যে কৌশলগতভাবে ইকুইপমেন্ট বসানো, সময় অপচয় না করে স্বল্পপথে ওয়ার্ক প্লুসে উপকরণ সরবরাহ, স্টোর রুমের জায়গা, কর্মীদের সুযোগ-সুবিধা, প্যাকেজিং, শিপমেন্ট, নিরাপত্তা ব্যবস্থা এবং সমস্ত সহায়ক পরিষেবাগুলোর সবচেয়ে দক্ষ এবং আর্থিকভাবে সাশ্রয়ী ব্যবস্থা। প্ল্যান্ট লেআউটটি জায়গার পরিমাণ, বাৎসরিক চাহিদা এবং যন্ত্রপাতির ওপর নির্ভর করে পরিবর্তিত হতে পারে। এটি নিরাপদ এবং আরামদায়ক পরিবেশে ন্যূনতম খরচে কাঁচামাল, সরঞ্জাম, জনশক্তি এবং প্রস্তুতকৃত যন্ত্রের মধ্যে সম্পর্ক তৈরি করে। প্ল্যান্ট লেআউট তৈরি করার পূর্বে শিল্প প্রকৌশল বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করা গুরুত্বপূর্ণ। ভবিষ্যতে প্ল্যান্ট সম্প্রসারণের বিষয়ও বিবেচনায় রাখতে হবে। ভৌত বিন্যাসটি এমনভাবে ডিজাইন করতে হবে যেনো অর্থনৈতিকভাবে সাশ্রয়ী এবং গুণগতমান সম্পন্ন কৃষিযন্ত্র প্রস্তুত করা যাবে। অদক্ষ প্ল্যান্ট লেআউট উৎপাদন ব্যবস্থা এবং কর্মীদের মধ্যে সম্পর্ককে ব্যাহত করে। প্ল্যান্ট লেআউটের উদ্দেশ্য হলো:

- সরঞ্জামগুলো স্বল্প জায়গায় ধারাবাহিকভাবে বসানো
- যন্ত্রটি নিয়মতান্ত্রিকভাবে প্রস্তুত করা
- মেটেরিয়াল হ্যান্ডলিং খরচ কমানো
- কর্মীদের পেশাগত কাজের ঝুঁকি হ্রাস করা
- কর্মীদের মনোবল বৃদ্ধি করা
- প্ল্যান্টে দুর্ঘটনা হ্রাস করা
- প্রস্তুতকৃত যন্ত্রগুলো স্থানান্তরের সুবিধা প্রদান করা।



প্যান্ট লেআউট

অধ্যায় ০৩
হ্যান্ড টুল্‌স এবং ওয়ার্কশপ মেশিনারি
(Handtools and Workshop Machinery)

অ্যাসেম্বলি লাইনে বীজ বপন যন্ত্র প্রস্তুতে প্রয়োজনীয় বিভিন্ন ওয়ার্কশপ মেশিনারি এবং হ্যান্ডটুলসের নাম চিত্রসহ নিম্নে উপস্থাপন করা হলো:

লেদ মেশিন (Lathe machine): সাধারণ লেদ এবং সিএনসি লেদ মেশিন ব্যবহার করা হয়।



লেদ মেশিন



সিএনসি লেদ মেশিন

কাটিং মেশিন (Cutting machine): মেটেরিয়াল এবং সিট কাটার জন্য সিএনসি লেজার কাটিং, হ্যান্ড কাটার এবং বক্স কাটার ব্যবহার করা হয়।



সিএনসি লেজার কাটিং মেশিন



কাটার মেশিন



বক্স কাটার মেশিন



হ্যান্ড কাটার মেশিন

বেন্ডিং মেশিন (Bending machine): মেটেরিয়াল নির্দিষ্ট মাপ অনুযায়ী বাঁকা করার জন্য সিএনসি বেন্ডিং এবং গ্যাস ওয়েল্ডিং ব্যবহার করা হয়।



সিএনসি বেন্ডিং মেশিন



গ্যাস ওয়েল্ডিং

ওয়েল্ডিং মেশিন (Welding machine): মেটেরিয়াল জয়েন্ট দেয়ার জন্য মিগ এবং আর্ক ওয়েল্ডিং মেশিন ব্যবহার করা হয়।



মিগ ওয়েল্ডিং মেশিন



আর্ক ওয়েল্ডিং মেশিন

ড্রিলিং মেশিন (Drilling machine): মেটেরিয়ালে ছিদ্র/গর্ত করার জন্য হ্যান্ড ড্রিল এবং কলাম ড্রিল মেশিন ব্যবহার করা হয়।



হ্যান্ড ড্রিল মেশিন



কলাম ড্রিল মেশিন



কলাম ড্রিল মেশিনে ট্যাপিং

প্রেস মেশিন (Press machine): হাইড্রলিক প্রেস, পাওয়ার প্রেস, ম্যানুয়াল প্রেস এবং বল প্রেস মেশিন ব্যবহার করা হয়।



হাইড্রলিক প্রেস মেশিন



পাওয়ার প্রেস মেশিন



ম্যানুয়াল প্রেস মেশিন



বল প্রেস মেশিন

গ্রাইন্ডিং মেশিন (Grinding machine): হ্যান্ড গ্রাইন্ডার, ডাই গ্রাইন্ডার এবং বেঞ্চ গ্রাইন্ডার মেশিন ব্যবহার করা হয়।



হ্যান্ড গ্রাইন্ডার মেশিন



ডাই গ্রাইন্ডার



বেঞ্চ গ্রাইন্ডার মেশিন

অ্যাসেম্বলি সরঞ্জাম (Assembly accessories): বেঞ্চ, জিগ্‌স ও সি ক্লাম্প ব্যবহার করা হয়।



বেঞ্চ



জিগ্‌স



সি ক্লাম্প



এয়ার কম্প্রেসর মেশিন

হ্যান্ড টুলস (Handtools): রেঞ্চ, ক্লু ড্রাইভার, হাতুড়ি, প্লায়ার ও পাওয়ার ক্লু ড্রাইভার ব্যবহার করা হয়।



রেঞ্চ



ক্লু ড্রাইভার



বল পিন হ্যামার



ম্যালেট



চিপিং হ্যামার



প্লায়ার



নোজ পায়ার



কমিশনেশন রেঞ্চ



স্টার স্ক্রু ড্রাইভার



ফ্লাট স্ক্রু ড্রাইভার



পাওয়ার স্ক্রু ড্রাইভার



ভার্নিয়ার



বিভেল প্রটেক্টর



ট্রাই স্কয়ার



হান্ড সিল্ড



ভাইস



মেজারিং টেপ



এলেন কি সেট

টেক্সটিং ইকুইপমেন্ট (Testing equipment): থ্রেড গেজ এবং স্লাইড ক্যালিপার ব্যবহার করা হয়।



থ্রেড গেজ



স্লাইড ক্যালিপার



ওয়েট ব্যালেন্স

মেটেরিয়াল হ্যান্ডলিং সরঞ্জাম (Material handling equipment): কার্ট, ক্রেন, ফর্ক লিফ্ট, হয়েস্ট, কনভেয়ার ব্যবহার করা হয়।



ফর্ক লিফটার



ট্রলি




ট্রলি

মেরামত ও রক্ষণাবেক্ষণ টুলস (Repair and maintenance tools): লুব্রিকেশন সরঞ্জাম এবং ক্লিনিং টুলস ব্যবহার করা হয়।



অয়েল গান



ব্রাশ

অধ্যায় ০৪
খুচরো যন্ত্রাংশের তালিকা
(List of spare parts)

কোনো যন্ত্র প্রস্তুতের পূর্বে খুচরো যন্ত্রাংশের তালিকা তৈরি করা প্রয়োজন। খুচরো যন্ত্রাংশের তালিকা প্রস্তুত এবং সংগ্রহ করে স্টকে রাখার মূল উদ্দেশ্য হলো, প্রয়োজনের সময় যেনো সেগুলো সহজে পাওয়া যায়। খুচরো যন্ত্রাংশের তালিকা ছাড়া যন্ত্রাংশ শনাক্ত ও অর্ডার করতে বেশি সময় লেগে যায় যা ডাউনটাইম বৃদ্ধি করে এবং উৎপাদনের সময় অপচয় হয়। উপরন্তু, ভুল যন্ত্রাংশ অর্ডার বা একটি যন্ত্রাংশ ডেলিভারির জন্য অপেক্ষা করা ডাউনটাইম বৃদ্ধি করে। সঠিক এবং আপ-টু-ডেট তালিকা অ্যাসেম্বলি লাইনের দক্ষতা বৃদ্ধি করে, দ্রুততম সময়ে মেশিন প্রস্তুত করা যায় এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ সহজ হয়। সার্ভিস টিম সহজে কাস্টমারের সমস্যা দূর করে তাদের সন্তুষ্টি অর্জন করতে পারে। খুচরো যন্ত্রাংশের তালিকা প্রোডাকশন টিমকে দক্ষ বাজেট ব্যবস্থাপনার মাধ্যমে যন্ত্রাংশগুলোর সংগ্রহ এবং মজুদ নিশ্চিত করার জন্য পরিকল্পনা করতে সহায়তা করে।

খুচরো যন্ত্রাংশের তালিকা

ক্রম	যন্ত্রাংশের নাম	যন্ত্রাংশের পরিমাপ	যন্ত্রাংশের পরিমাণ
১	ড্রাইভিং হুইল	আউট ব্যাস ১২০ মিমি/৮৫ মিমি, ৮৫ মিমি ব্যাস থেকে কলারের উচ্চতা ১৮ মিমি, বোর ব্যাস ১০ মিমি এবং বোর ব্যাসের দৈর্ঘ্য ৪৯ মিমি	২টি
২	ড্রাইভিং হুইল শ্যাফট	দৈর্ঘ্য ৭৫৫ মিমি এবং আউট ব্যাস ১০ মিমি	১টি
৩	সাপোর্টিং হুইল	আউট ব্যাস ৬১ মিমি/৪২ মিমি, ৪২ মিমি ব্যাস থেকে কলারের উচ্চতা ১০ মিমি, বোর ব্যাস ১০ মিমি এবং বোর ব্যাসের দৈর্ঘ্য ৪৪ মিমি	৪টি
৪	সাপোর্ট হুইল শ্যাফট	দৈর্ঘ্য ৬৮২ মিমি এবং ব্যাস ১০ মিমি	২টি
৫	মিটারিং ডিভাইস	দৈর্ঘ্য ৫৯৪ মিমি, আউট ব্যাস ৩৯ মিমি এবং বোর ব্যাস ২৫ মিমি।	১টি
৬	মিটারিং বুশ	দৈর্ঘ্য ২৯ মিমি, বোর ব্যাস ১০ মিমি, ক্রলার আউট ব্যাস ৩৯ মিমি ও ক্রলার থিকনেস ৩ মিমি	২টি
৭	বিয়ারিং কভার	আউট ব্যাস ৭৩ মিমি, বোর ব্যাস ২৬ ও ১৬.৫ মিমি থিকনেস ১.৫ মিমি	২টি
৮	বিয়ারিং	NTN/SKF জাপান ৬০০০	২টি
৯	প্রিসিশন মিটার	আউট ব্যাস ৬১, থিকনেস ২০ মিমি, বোর ব্যাস ১০ মিমি এবং বোর দৈর্ঘ্য ২২ মিমি।	২টি
১০	প্রিসিশন মিটার নাম্বার স্টিকার	আউট ব্যাস ৪৯.৮ মিমি, থিকনেস ০.৫ মিমি	২টি
১১	প্রিসিশন মিটার শ্যাফট	দৈর্ঘ্য ১৬২ মিমি, আউট ব্যাস ১০.২ ও ৮ মিমি, প্যাচের দৈর্ঘ্য ৫২ মিমি এবং প্যাচের ব্যাস ৮ মিমি	২টি
১২	প্রিসিশন ক্লাম্প	দৈর্ঘ্য ১৩২ মিমি, প্রস্থ ২৫ ও ৪৫ মিমি, থিকনেস ২ মিমি এবং ৯০ ডিগ্রিতে ভাঁজ ১৫ মিমি ও ২২ মিমি।	২টি
১৩	প্রিসিশন ক্লাম্প নাট	দৈর্ঘ্য ৩১.৬ মিমি, আউট ব্যাস ১২ মিমি, ইন ব্যাস ৮.৭ ও ৭ মিমি	২টি
১৪	প্রিসিশন মিটার ফিটিং ক্লাম্প	দৈর্ঘ্য ৪৫ মিমি, প্রস্থ ৩০ মিমি, থিকনেস ২	২টি

ক্রম	যন্ত্রাংশের নাম	যন্ত্রাংশের পরিমাপ	যন্ত্রাংশের পরিমাণ
১৫	ব্রাশ	ফ্রেম দৈর্ঘ্য ৫৯৮ মিমি এবং প্রস্থ ২০ মিমি। ব্রাশে চুলের উচ্চতা ১৮ মিমি	১টি
১৬	ব্রাশ ফিটিং ক্লাম্প	দৈর্ঘ্য ৫০ মিমি, প্রস্থ ৩০ মিমি, থিকনেস ২ মিমি	৩টি
১৭	সীড কন্ট্রোল লক প্লেট	দৈর্ঘ্য ৫৯২ মিমি, প্রস্থ ৬৫ মিমি, থিকনেস ১.২ মিমি	১টি
১৮	সীড কন্ট্রোল প্লেট লক বার	দৈর্ঘ্য ৪২ মিমি এবং প্রস্থ ১৫ মিমি	২টি
১৯	লক ক্লাম্প শ্যাফট	দৈর্ঘ্য ৩৩০ মিমি এবং ব্যাস ৬ মিমি, দৈর্ঘ্য ১৩৫ মিমি পরে ৮৬ ডিগ্রিতে ভাঁজ	১টি
২০	সীড লক ক্লাম্প	দৈর্ঘ্য ৮০ মিমি, মাঝের প্রস্থ ১৯ মিমি এবং থিকনেস ২ মিমি	১টি
২১	ড্রাইভিং হ্যাভেল ক্লাম্প	দৈর্ঘ্য ৪৪ মিমি, প্রস্থ ৩০ মিমি, থিকনেস ২ মিমি	১টি
২২	সাপোর্ট ক্লাম্প	দৈর্ঘ্য ৮৭.৫ মিমি, প্রস্থ ১৫.৫ মিমি, থিকনেস ০.৯১ মিমি	২টি
২৩	হপার ডিভাইডার	দৈর্ঘ্য ১৩৮ মিমি, প্রস্থ ৪৭ মিমি, থিকনেস ০.৯১ মিমি	১টি
২৪	ড্রাইভিং হ্যাভেল	দৈর্ঘ্য ৬৪৫ মিমি, আউট ব্যাস ১৯ মিমি এবং বোর ব্যাস ১৬.৫ মিমি	১টি
২৫	হপার ক্যারিং হ্যাভেল	দৈর্ঘ্য ৬২৭ মিমি, প্রস্থ ১৫০ মিমি	১টি
২৬	স্প্রিং	দৈর্ঘ্য ৪২ মিমি এবং ব্যাস ৮ মিমি	২টি
২৭	বোল্ট	৬ মিমি (১২ মিমি লম্বা)	২টি
২৮	চিরাপিন	৩ মিমি	৬টি
২৯	এলেনকি কট	৫ মিমি (১২ মিমি লম্বা)	২টি
৩০	এলেনকি বোল্ট	৫ মিমি (১২ মিমি লম্বা)	২টি
৩১	স্ক্রু	৪ মিমি (১২ মিমি লম্বা)	২টি
৩২	স্ক্রু	৫ মিমি (১২ মিমি লম্বা)	৪টি
৩৩	স্ক্রু ও নাট	৫ মিমি (১২ মিমি লম্বা)	৬টি
৩৪	ওয়াসার	আউট ব্যাস ১৩ মিমি, বোর ব্যাস ৫.১ মিমি, থিকনেস ০.৯	১০টি
আইটেম ৩৪টি			মোট=৭৯টি

অধ্যায় ০৫
মালামাল সংগ্রহ সেকশন
(Procurement Section)

বীজ বপন যন্ত্র প্রস্তুতের পূর্বে প্রয়োজনীয় কাঁচামাল ও অন্যান্য সরঞ্জামের তালিকা প্রস্তুত করে পরিকল্পনা মাসিক গুণমান সম্পন্ন মালামাল সংগ্রহ করতে হবে। মালামাল সংগ্রহ সেকশনের কাজগুলো নিম্নরূপ।

মালামাল সংগ্রহ পরিকল্পনা (Material planning): উৎপাদন সময়সূচি অনুযায়ী প্রতিটি ব্যাচের জন্য উপকরণ, যন্ত্রাংশগুলোর প্রকার এবং পরিমাণ নির্ধারণ করে মালামাল সংগ্রহের সঠিক পরিকল্পনা করতে হবে।

সরবরাহকারী নির্বাচন এবং ব্যবস্থাপনা (Supplier selection and management): সংগ্রহ সেকশনে উপকরণ ও যন্ত্রাংশের জন্য নির্ভরযোগ্য সরবরাহকারীদের শনাক্ত এবং নির্বাচন করতে হবে। সরবরাহকারীদেরকে সুনাম, নির্ভরযোগ্যতা, ডেলিভারি ক্ষমতা এবং সরবরাহ মূল্যের উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। সরবরাহকারীদের সাথে সুসম্পর্ক বজায় রেখে চুক্তি অনুযায়ী মালামাল সরবরাহ এবং সরবরাহের মান পূরণের নিশ্চয়তা থাকতে হবে।

সংগ্রহ পদ্ধতি (Procurement process): একটি সুবিন্যস্ত ক্রয় প্রক্রিয়া অনুসরণ করে সংগ্রহ কাজ সম্পন্ন করতে হবে যার মধ্যে রয়েছে কোটেশনের অনুরোধ, পর্যালোচনা, ক্রয়াদেশ জারি, অর্ডার ট্র্যাকিং, দ্রুত ডেলিভারি, উপকরণ/উপাদান/যন্ত্রাংশ গ্রহণ ও পরিদর্শন এবং ইনভেন্টরি লেভেল পরিচালনা করা। সংগ্রহ প্রক্রিয়াটি দক্ষ, সাশ্রয়ী, প্রস্তুতকারকের সংগ্রহ নীতি এবং পদ্ধতির সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

সময়মতো সংগ্রহ (Timely procurement): অ্যাসেম্বলি লাইনে বিলম্ব এড়াতে সরবরাহকারীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও সময় বজায় রেখে সমস্ত উপাদান এবং যন্ত্রাংশগুলো সময়মতো সংগ্রহ করতে হবে। প্রতিনিয়ত ইনভেন্টরি লেভেল পর্যবেক্ষণ করে উপকরণগুলো শেষ হওয়ার অনেক আগেই অর্ডার দিতে হবে।

গুণমান নিয়ন্ত্রণ (Quality control): উপকরণ এবং যন্ত্রাংশের গুণমান নিয়ন্ত্রণ করতে হবে। সংগৃহীত উপকরণগুলোর জন্য মান নিয়ন্ত্রণের পদ্ধতি স্থাপন, প্রয়োগ, পরিদর্শন এবং পরীক্ষা পরিচালনা করতে হবে। সরবরাহকারীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে হবে যেনো কোনো গুণগত সমস্যা বা অসঙ্গতি থাকলে তা সহজে এবং দ্রুততম সময়ে দূর করা যায়।

খরচ নিয়ন্ত্রণ (Cost control): উপকরণ এবং যন্ত্রাংশ সংগ্রহের সাথে সম্পর্কিত যাবতীয় খরচ নিয়ন্ত্রণ করতে হবে। সরবরাহকারীদের সাথে বাজার মূল্য নির্ধারণের আলোচনা, সংগ্রহের খরচ নিরীক্ষণ, নিয়ন্ত্রণ, কৌশলগত সোর্সিং, মূল্য বিশ্লেষণ এবং সরবরাহকারী একত্রীকরণের মাধ্যমে খরচ কমানোর পথগুলো চিহ্নিত করতে হবে।

সরবরাহকারীর যোগ্যতা মূল্যায়ন (Supplier performance evaluation): সরবরাহকারীরা প্রয়োজনীয় গুণগতমান, ডেলিভারি এবং পরিষেবার মান পূরণ করছে কিনা তা নিশ্চিত করতে নিয়মিত তাদের কর্মক্ষমতা মূল্যায়ন করতে হবে।






ইনভেন্টরি ব্যবস্থাপনা (Inventory management): দক্ষতার সঙ্গে উৎপাদন কার্যক্রম নিশ্চিত করতে উপকরণ এবং যন্ত্রাংশগুলোর ইনভেন্টরি পরিচালনা করতে হবে। ইনভেন্টরি লেভেল পর্যবেক্ষণ, প্রয়োজনীয় উপকরণ/কম্পোনেন্টগুলো পুনর্বিন্ধ্যাস এবং ইনভেন্টরি খরচ কমানোর ব্যবস্থা করতে হবে।







ডকুমেন্টেশন এবং তথ্য সংরক্ষণ (Documentation and record-keeping): ক্রয়াদেশ, চালান, শিপিং নথি, পরিদর্শন প্রতিবেদন এবং সরবরাহকারীর কার্যকারিতা রেকর্ডসহ ক্রয়মূলক কার্যক্রমের সাথে সম্পর্কিত সঠিক, আপ-টু-ডেট ডকুমেন্টেশন এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।






রেগুলেশন এবং স্ট্যান্ডার্ডের কমপ্লায়েন্স (Compliance with regulations and standards): সমস্ত ক্রয় কার্যক্রমে প্রবিধান, মান এবং প্রস্তুতকারকের নীতি মেনে চলা নিশ্চিত করতে হবে। এর মধ্যে রয়েছে ক্রয়নীতি, পরিবেশগত প্রবিধান, নিরাপত্তা প্রবিধান এবং অন্যান্য প্রযোজ্য আইন ও প্রবিধান।






ঝুঁকি ব্যবস্থাপনা (Risk management): সংগ্রহ সেকশনকে ক্রয় কার্যক্রমের সাথে সম্পর্কিত যেকোন সম্ভাব্য ঝুঁকি যেমন সাপ্লাই চেইনে ব্যাঘাত, মানের সমস্যা বা ডেলিভারিতে বিলম্ব এবং অ্যাসেম্বলি লাইনের কার্যকলাপের উপর প্রভাব কমানোর জন্য ঝুঁকি প্রশমন কৌশল প্রয়োগ করতে হবে।

ক্রমকৃত মালামালের তালিকা

ক্রম	উপকরণ	ছবি
১	এমএস সিট ম্যাট	
২	এসএস সিট	
৩	এসএস পাইপ	
৪	এসএস শ্যাফট	
৫	স্কয়ার বার	

ক্রম	উপকরণ	ছবি
৬	বিয়ারিং	
৭	স্প্রিং	
৮	বোল্ট	
৯	চিরাপিন	
১০	এলেন কি বোল্ট	
১১	এলেন কি কট	

ক্রম	উপকরণ	ছবি
১২	স্ক্রু ও নাট	
১৩	মিটারিং ডিভাইস	
১৪	ড্রাইভ হুইল	
১৫	সাপোর্টিং হুইল	
১৬	প্রিসিশন মিটার স্ক্রু শ্যাফট	

ক্রম	উপকরণ	ছবি
১৭	প্রিসিশন মিটার	
১৮	প্রিসিশন মিটার স্টিকার	
১৯	প্রিসিশন মিটার শ্যাফট নাট	
২০	ব্রাশ	
২১	ওয়্যাসার	

ଅଧ୍ୟାୟ ୦୬
ଡ୍ରଇଂ ସେକ୍ସନ
(Drawing Section)

ম্যানুফ্যাকচারিং ড্রয়িং সেকশনটি অ্যাসেম্বলি লাইনে বীজ বপন যন্ত্র প্রস্তুতের একটি গুরুত্বপূর্ণ অংশ। ড্রয়িং এর মাধ্যমে প্রত্যেকটি যন্ত্রাংশ সঠিক মাপ এবং মান বাজায় রেখে প্রস্তুত করা যায়। প্রত্যেকটি যন্ত্রাংশের টলারেন্স ও ক্লিয়ারেন্স ঠিক রাখা যায় এবং যন্ত্রাংশের ইন্টারচেঞ্জিবিলিটি নিশ্চিত করে। এর ফলে অ্যাসেম্বলি লাইনে প্রত্যেকটি যন্ত্রাংশ সঠিকভাবে ফিট করা যায়। ম্যানুফ্যাকচারিং ড্রয়িং প্রস্তুতকৃত মেশিনের ধারাবাহিকতা নিশ্চিত করে, যোগাযোগের সুবিধা দেয় এবং গুণগতমান নিয়ন্ত্রণ বাড়ায়। এর ফলে প্রস্তুত প্রক্রিয়ার সামগ্রিক দক্ষতা এবং কার্যকারিতায় অবদান রাখে। নিম্নে ম্যানুফ্যাকচারিং ড্রয়িং সেকশনের কিছু গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করা হলো।


বিশদ নির্দেশনা প্রদান (Provides detailed instructions): ম্যানুফ্যাকচারিং ড্রয়িং যন্ত্রের প্রতিটি অংশ কিভাবে তৈরি করতে হবে সে সম্পর্কে বিস্তারিত নির্দেশনা প্রদান করে। ড্রয়িংগুলো প্রতিটি অংশের মাত্রা, সহনশীলতা এবং উপকরণ নির্দিষ্ট করে। অ্যাসেম্বলির সময় সঠিকভাবে প্রতিটি যন্ত্রাংশ ফিট করে এবং মান অনুযায়ী মেশিন প্রস্তুত নিশ্চিত করে।

সামঞ্জস্য নিশ্চিত করে (Ensures consistency): ড্রয়িং অনুসরণ করে প্রস্তুত করা হলে প্রস্তুতকৃত যন্ত্রাংশগুলোর মাঝে সামঞ্জস্য নিশ্চিত হয়। প্রতিটি অংশের জন্য নির্দেশনার একটি প্রত্যাশিত বা কাম্য সেট প্রদান করে। ড্রয়িংয়ের মাধ্যমে প্রতিটি অংশ একই আকৃতিতে তৈরি করা যায় এবং কে এটি তৈরি করছে বা কখন তৈরি করা হয়েছে তা জানা যায়।


যোগাযোগের সুবিধা (Facilitates communication): ড্রয়িংগুলো ডিজাইন, ম্যানুফ্যাকচারিং এবং অ্যাসেম্বলি টিমের মধ্যে একটি সাধারণ ভাষা হিসেবে কাজ করে। ড্রয়িংগুলো ডিজাইনের উদ্দেশ্য এবং প্রস্তুত নির্দেশাবলীর সাথে যোগাযোগ করার একটি পরিষ্কার এবং সংক্ষিপ্ত উপায় সম্পর্কে নির্দেশনা প্রদান করে।

গুণমান নিয়ন্ত্রণ বৃদ্ধি (Enhances quality control): ম্যানুফ্যাকচারিং ড্রয়িং মান নিয়ন্ত্রণের জন্য একটি স্পষ্ট রেফারেন্স পয়েন্ট প্রদান করে। ড্রয়িংএ প্রতিটি অংশের জন্য মাত্রা এবং সহনশীলতা নির্দিষ্ট করে। প্রতিটি উপাদান প্রয়োজনীয় মান পূরণ করে কিনা তা পরীক্ষা করতে মান নিয়ন্ত্রণ কর্মীদের সক্ষমতা বৃদ্ধি করে।


ক্রমাগত উন্নয়ন (Continuous improvement): মেশিনের প্রস্তুত প্রক্রিয়া অপটিমাইজ করার জন্য ড্রয়িংগুলো সময়ের সাথে সাথে আপডেট বা উন্নত করা প্রয়োজন। প্রস্তুত প্রক্রিয়া বিশ্লেষণ এবং উন্নয়নের জন্য ক্ষেত্রগুলো চিহ্নিত করে পরিবর্তনগুলো প্রতিফলিত হওয়ার জন্য ম্যানুফ্যাকচারিং ড্রয়িংগুলো সংশোধন করতে হয়। এর ফলে প্রস্তুত প্রক্রিয়া আরও দক্ষ এবং কার্যকর হয়।




হপার ব্যাক কভার




হপার ফন্ট কভার




লক ক্লাম্প




ব্রাশ ক্লাম্প




কন্ট্রোল লিভার প্লেট



মিটারিং ক্লাম্প



ওয়াকিং ক্লাম্প



সাপোর্টিং ক্লাম্প

অধ্যায় ০৭
কাটিং সেকশন
(Cutting Section)

কাটিং সেকশন কাঁচামালের উন্নত নিরাপত্তা ব্যবস্থাপনার মাধ্যমে সঠিকভাবে কেটে গুণগতমান সম্পন্ন যন্ত্র তৈরিতে সহায়তা করে। কাটিং সেকশনের কার্যাবলি নিম্নে বর্ণনা করা হলো:

সঠিক কাটিং (Accurate cutting): মেশিনে ফিটিং করার জন্য কাঁচামালগুলো সঠিকভাবে কাটতে হয়। কাটিং সেকশনে কাঁচামালগুলো নির্দিষ্ট আকার এবং আকৃতিতে নির্ভুলতার সাথে কাটা হয়।

সামঞ্জস্য (Consistency): কাটিং সেকশনে অংশগুলো একই আকার এবং আকৃতিতে ধারাবাহিকভাবে কাটা হয়। অংশগুলো সঠিক স্পেসিফিকেশনে তৈরি করা হয় যেনো অ্যাসেম্বল করার সময় পুরোপুরি একসাথে ফিট করে উচ্চ-মানের এবং নির্ভরযোগ্য যন্ত্র প্রস্তুত করা যায়।

কাজের গতিশীলতা (Speedy work): কাঁচামাল দ্রুত এবং দক্ষতার সাথে কাটার জন্য উন্নত কাটিং মেশিন ব্যবহার করা হয়। এর ফলে বীজ বপন যন্ত্রের বিভিন্ন অংশ তৈরিতে সময় কমিয়ে কাজের গতিশীলতা নিশ্চিত করে।






দক্ষতা বৃদ্ধি (Increased efficiency): স্বয়ংক্রিয়ভাবে কাটার ব্যবস্থা থাকলে কাজের দক্ষতা এবং উৎপাদনশীলতা বৃদ্ধি পায়। এর ফলে কম সময়ে দক্ষতার সঙ্গে অংশগুলো তৈরি করা যায়।






অপচয় হ্রাস (Reduced waste): যন্ত্রাংশ তৈরিতে কাঁচামালের অপচয় হ্রাসের জন্য কাটিং সেকশনটি অপটিমাইজ করা হয়। এর ফলে কম খরচে সম্পদসমূহ দক্ষতার সাথে ব্যবহার করা যায়।





উন্নত নিরাপত্তা ব্যবস্থা (Improved safety): কাটিং সেকশনটি দুর্ঘটনা এবং আঘাত প্রতিরোধের জন্য নিরাপত্তা নিশ্চিত করে ডিজাইন করা হয়। উন্নত নিরাপত্তা ব্যবস্থা শ্রমিকদের জন্য নিরাপদ কাজের পরিবেশ তৈরিতে সহায়তা করে।

খরচ সাশ্রয় (Cost-effective): সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে কাঁচামালের অপচয় ও খরচ কমানো হয় এবং যন্ত্রটি সাশ্রয়ী পদ্ধতিতে প্রস্তুত করা যায়।

কাটিং বিভাগের কাজ

ক্রম	কাটিং অংশের বিবরণ	কাজের সামগ্রী	জনবল	সম্ভাব্য সময়
১	 হপার ফ্রন্ট কভার	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ৫৩ সেকেন্ড
২	 হপার ব্যাক কভার	সিএনসি লেজার কাটার	২ জন	প্রতিটি ৫৩ সেকেন্ড
৩	 ১ ও ২ নং হপার সাইড কভার	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ৬৪ সেকেন্ড
৪	 বিয়ারিং কভার	সিএনসি লেজার কাটার	২ জন	প্রতিটি ১২ সেকেন্ড
৫	 প্রিসিশন ক্রাম্প	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ১৯ সেকেন্ড

ক্রম	কাটিং অংশের বিবরণ	কাজের সামগ্রী	জনবল	সম্ভাব্য সময়
৬	 সীড লক ক্লাম্প	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ৪ সেকেন্ড
৭	 প্রিসিশন মিটার ফিটিং ক্লাম্প	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ০৮ সেকেন্ড
৮	 ব্রাশ ফিটিং ক্লাম্প ১	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ০৫ সেকেন্ড
৯	 ব্রাশ ফিটিং ক্লাম্প ২	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ৫ সেকেন্ড
১০	 ড্রাইভিং হ্যান্ডেল ক্লাম্প	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ৫ সেকেন্ড

ক্রম	কাটিং অংশের বিবরণ	কাজের সামগ্রী	জনবল	সম্ভাব্য সময়
১১	 সীড কন্ট্রোল লক প্লেট	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ৩১ সেকেন্ড
১২	 হপার ডিভাইডার	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ১২ সেকেন্ড
১৩	 সাপোর্ট ক্লাম্প	সিএনসি লেজার কাটার, মেজারিং টেপ	২ জন	প্রতিটি ৮ সেকেন্ড
১৪	 লক ক্লাম্প	হ্যান্ড কাটিং মেশিন, মেজারিং টেপ, কাটিং জিগ	২ জন	প্রতিটি ১২ সেকেন্ড
১৫	 ড্রাইভ লুইল শ্যাফট	হ্যান্ড কাটিং মেশিন, মেজারিং টেপ, কাটিং জিগ	২ জন	প্রতিটি ২১ সেকেন্ড

ক্রম	কাটিং অংশের বিবরণ	কাজের সামগ্রী	জনবল	সম্ভাব্য সময়
১৬	 সাপোর্ট হুইল শ্যাফট	হ্যান্ড কাটিং মেশিন, মেজারিং টেপ, কাটিং জিগ	২ জন	প্রতিটি ২১ সেকেন্ড
১৭	 হপার ক্যারিং হ্যান্ডেল	হ্যান্ড কাটিং মেশিন, মেজারিং টেপ, কাটিং জিগ	২ জন	প্রতিটি ২১ সেকেন্ড
১৮	 ড্রাইভিং হ্যান্ডেল	হ্যান্ড কাটিং মেশিন, মেজারিং টেপ, কাটিং জিগ	২ জন	প্রতিটি ২০ সেকেন্ড
১৯	 লক সিট ক্লাম্প বার	হ্যান্ড কাটিং মেশিন, মেজারিং টেপ, কাটিং জিগ	১ জন	প্রতিটি ৩৭ সেকেন্ড
২০	 মিটারিং বুশ	হ্যান্ড কাটিং মেশিন, মেজারিং টেপ, কাটিং জিগ	১ জন	প্রতিটি ২ মিনিট ৩৮ সেকেন্ড

ଅଧ୍ୟାୟ ୦୪
ଗ୍ରାଉଣ୍ଡିଂ ସେକ୍ସନ
(Grinding Section)

গ্রাইন্ডিং সেকশনে বিভিন্ন যন্ত্রাংশ নিখুঁতভাবে ফিট হওয়ার জন্য ধাতব অংশগুলোর পলিশিং এবং মসৃণ করা হয়। গ্রাইন্ডিং সেকশনের কাজগুলো নিম্নে বর্ণনা করা হলো।

প্রস্তুতি (Preparation): যে অংশগুলোকে গ্রাইন্ডিং করতে হবে সেগুলোতে কোনো ময়লা বা আবর্জনা থাকলে মুক্ত করতে হবে। ধাতব অংশের কোথাও কোনো ত্রুটি থাকলে সেগুলো পর্যবেক্ষণ করে সমাধান করতে হবে।





গ্রাইন্ডিং (Grinding): হ্যান্ড/প্যাডাল/সারফেস গ্রাইন্ডার দিয়ে ধাতব পদার্থের অমসৃণ অংশে ঘূর্ণায়মান ডিস্ক দিয়ে মসৃণ করতে হবে।





পলিশিং (Polishing): গ্রাইন্ডিং করার পর সারফেস মসৃণ করার জন্য এব্রাসিভ কাপড় দিয়ে পলিশ করতে হবে।





গুণগতমান নিয়ন্ত্রণ (Quality control): যন্ত্রাংশগুলো মানদণ্ড অনুযায়ী মসৃণ হয়েছে কিনা সেটা পর্যবেক্ষণ করতে হবে। কোনো অংশ মানদণ্ড অনুযায়ী মসৃণ না হলে ফেরত পাঠাতে হবে।





স্টোরেজ (Storage): অ্যাসেম্বলি লাইনে প্রেরণের জন্য ফিনিশ্‌ড অংশগুলো একটি নির্দিষ্ট জায়গায় সংরক্ষণ করতে হবে।

গ্রাইন্ডিং সেকশনের কাজ

ক্রম	গ্রাইন্ডিংকৃত অংশের কাজের বিবরণ	কাজের সামগ্রী	জনবল	সম্ভাব্য সময়
১	 হপার ফ্রন্ট এবং ব্যাক সাইড	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ১ মিনিট
২	 হপার রাইট এবং লেফট সাইড	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ১ মিনিট ৪১ সেকেন্ড
৩	 বিয়ারিং কভার	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৩০ সেকেন্ড
৪	 প্রিসিশন মিটার ক্লাম্প	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৪০ সেকেন্ড

ক্রম	গ্রাইন্ডিংকৃত অংশের কাজের বিবরণ	কাজের সামগ্রী	জনবল	সম্ভাব্য সময়
৫	 <p>প্রিসিশন মিটার ক্রাম্প (ওয়েল্ডিং এর পরে)</p>	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৩০ সেকেন্ড
৬	 <p>সীড লক ক্রাম্প</p>	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৩০ সেকেন্ড
৭	 <p>প্রিসিশন মিটার ফিটিং ক্রাম্প</p>	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৩০ সেকেন্ড
৮	 <p>ব্রাশ ফিটিং ক্রাম্প ১</p>	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ২০ সেকেন্ড

ক্রম	গ্রাইন্ডিংকৃত অংশের কাজের বিবরণ	কাজের সামগ্রী	জনবল	সম্ভাব্য সময়
৯	 ব্রাশ ফিটিং ক্রাম্প ২	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ২০ সেকেন্ড
১০	 ড্রাইভিং হ্যান্ডেল ক্রাম্প	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ২০ সেকেন্ড
১১	 সীড কন্ট্রোল লক প্রোট	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৫৩ সেকেন্ড
১২	 সীড কন্ট্রোল লক প্রোট	গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৪০ সেকেন্ড

ক্রম	গ্রাইন্ডিংকৃত অংশের কাজের বিবরণ	কাজের সামগ্রী	জনবল	সম্ভাব্য সময়
১৩		গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৩৪ সেকেন্ড
	হপার ডিভাইডার			
১৪		গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ২০ সেকেন্ড
	সাপোর্ট ক্লাম্প			
১৫		গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ৩ মিনিট
	হপার ক্যারিয়ার হ্যান্ডেল			
১৬		গ্রাইন্ডিং মেশিন এবং টেবিল	১ জন	প্রতিটি ২০ মিনিট
	কমপ্লিট হপার			

অধ্যায় ০৯
ডাইস এবং জিগ্‌স সেকশন
(Dies and Jigs Section)

অ্যাসেম্বলি লাইনে বীজ বপন যন্ত্রের বিভিন্ন উপাদানের সঠিক আকার-আকৃতি দিতে ডাইস এবং জিগ্‌স সেকশনটি অপরিহার্য। ডাইস এবং জিগ্‌স দিয়ে সঠিক এবং সামঞ্জস্যপূর্ণ উপাদান তৈরির মাধ্যমে সর্বাধিক সাশ্রয়ী পদ্ধতিতে ভালো মানের যন্ত্র প্রস্তুত করা যায়। সেকশনটির কার্যকারিতা নিম্নে বর্ণনা করা হলো।

সঠিক এবং সামঞ্জস্যপূর্ণ আকার (Accurate and consistent shapes): উপাদানগুলোকে সঠিক এবং সামঞ্জস্যপূর্ণ আকারে তৈরির জন্য ডাইস এবং জিগ্‌সগুলো ডিজাইন করা হয় যা যন্ত্রের যথাযথ ফিটিং এবং অপারেশনের জন্য অপরিহার্য।



প্রিসিশন (Precision): কাজের প্রিসিশন বা যথার্থতা নিশ্চিত করা এ সেকশনের অন্যতম কাজ। প্রত্যেকটি উপাদান স্পেসিফিকেশন অনুযায়ী প্রস্তুত হলে অ্যাসেম্বলি লাইনের সময় পুরোপুরি একসাথে ফিট করা যায়। এর ফলে উচ্চ-মানের এবং নির্ভরযোগ্য ভালো যন্ত্র প্রস্তুত করা যায়।

প্রস্তুত সময় হ্রাস (Reduced production time): মূল যন্ত্রের বিভিন্ন অংশকে দ্রুত এবং দক্ষতার সাথে আকার দেয়। এর ফলে কম সময়ে মূল যন্ত্র তৈরি করা যায়।

